**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যেে:** 10/15/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সিটি অফ কিংস্টনে অবকাঠামো বিনিয়োগে 56.2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন

***44.6 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের ওয়ার্টস স্ট্রিট ব্রিজ পুনর্বাসন প্রকল্প শুরু হবে***

***11.6 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের কিংস্টন গোল চক্কর প্রকল্প সময়সূচীর আগেই বাজেটের মধ্যে সম্পন্ন হয়েছে***

***ছবি এখানে পাওয়া যাবে***

গভর্নর ক্যাথি হোকল আজকে সিটি অফ কিংস্টনে অবকাঠামো বিনিয়োগে 56.2 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে একটি প্রধান ব্রিজ পুনর্বাসন প্রকল্প এবং শহরের মধ্যে একটি গোল চক্করের কাজ শেষ করা।44.6 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের একটি চলমান হতে যাওয়া প্রকল্প ঐতিহাসিক কিংস্টন-পোর্ট ইওয়েন সাসপেনশন ব্রিজের পুনর্বাসন করবে যা ওয়ার্টস স্ট্রিট ব্রিজ নামেও পরিচিত, যা 2020 সালের সেপ্টেম্বর থেকে বন্ধ আছে। উপরন্তু, 11.6 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ের গোল চক্কর প্রকল্প সম্প্রতি সম্পন্ন হয়েছে, যা আলস্টার কাউন্টির সিটি অফ কিংস্টনের ইন্টারস্টেট 587 (কর্নেল চ্যান্ডলার ড্রাইভ), স্টেট রুট 32 (অ্যালবানি অ্যাভিনিউ) এবং ব্রডওয়েের মাঝের ইন্টারসেকশন পুনর্নির্মাণ করবে।

"আমরা নিউ ইয়র্ক জুড়ে পরিবহন প্রকল্পে উচ্চাভিলাষী বিনিয়োগ করা অব্যাহত রাখছি, যা স্থায়িত্ব নিশ্চিত করতে নির্মিত হচ্ছে, সম্প্রদায়গুলিকে কার্যকরভাবে যুক্ত করছি তার নিখুঁত উদাহরণ কিংস্টনের এই দুইটি প্রকল্প," **গভর্নর হোকল বলেন।** "প্রকল্পের পর প্রকল্প দ্বারা, আমরা নিউ ইয়র্ককে অগ্রসর করছি এবং দেশের সর্বাধিক শক্তিশালী ও বৈচিত্র্যময় পরিবহন নেটওয়ার্কগুলির একটি গঠন করছি।"

ওয়ার্টস স্ট্রিট ব্রিজ প্রকল্পটি ব্রিজের কাঠামোগত স্থিতিশীলতা বৃদ্ধি করে 100-বছর পুরোনো ক্রসিংকে সম্পূর্ণভাবে পুনর্বাসন করবে এবং সিটি অফ কিংস্টন এবং আলস্টার কাউন্টির টাউন অফ এসোপাসের মধ্যকার জরুরি সংযোগ পুনঃস্থাপন করবে। ব্রিজের উন্নয়ন পরিকল্পনার মধ্যে রয়েছে একটি নতুন ব্রিজ ডেক, গাইড রেইল, সাইডওয়াক, রেলিং এবং সাস্পেনডার ক্যাবল। ব্রিজের ওজন ধারণক্ষমতা 20 টন বৃদ্ধি পাবে এবং বর্তমান মানদণ্ড অনুযায়ী সাইডওয়াক প্রশস্ত করা হবে। এছাড়াও নতুন রঙ যোগ করা হবে, যার ফলে বার্ষিক রক্ষণাবেক্ষণের প্রয়োজন কমবে।

চেম্বারগুলিতে, যেখানে মূল ক্যাবলগুলি নোঙ্গর করা আছে, থাকবে অত্যাধুনিক জলবায়ু নিয়ন্ত্রণ ব্যবস্থা যা আর্দ্রতা নিয়ন্ত্রণ করতে পারবে এবং নোঙ্গরকে ক্ষয় থেকে রক্ষা করবে। উপরন্তু, রিমোট মনিটরিং ও অপারেশন দ্বারা কন্ট্রোল সিস্টেম সক্রিয় করা হবে।

ব্রিজের নিচের জনপ্রিয় পথচারীর ওয়াকওয়ে এবং ডক নির্মাণকাজ চলাকালীন খোলা থাকবে। ব্রিজের নিচের রাস্তা, ডক স্ট্রিট/ওয়েস্ট স্ট্র্যান্ড স্ট্রিটও খোলা থাকবে, কিন্তু বিদ্যমান পার্কিং স্থান সাময়িকভাবে বন্ধ থাকবে। ব্রিজের উত্তর প্রান্তের আবিল স্ট্রিটও পুনর্নির্মাণ করা হবে, যার ফলে এক লেন বন্ধ রাখতে হবে। 2023 সালের ফলের মধ্যে সব কাজ সম্পন্ন হবে এই প্রত্যাশা করা হচ্ছে।

**ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (Department of Transportation, DOT) কমিশনার মারি টেরেস ডমিনগুয়েজ বলেন,** "নিউ ইয়র্ক স্টেট এমন অতি জরুরি বিনিয়োগ করা অব্যাহত রেখেছে যা আরো স্থিতিশীল একটি পরিবহন নেটওয়ার্ক গঠন করবে, সম্প্রদায়সমূহকে শক্তিশালী করবে এবং জীবনযাত্রার মান উন্নত করবে। ওয়ার্টস স্ট্রিট ব্রিজের পুনর্বাসন আলস্টার কাউন্টির বাসিন্দা ও ভ্রমণকারীদের জন্য একটি জরুরি সংযোগ পুনঃস্থাপন করবে, এবং একই সাথে নান্দনিক উন্নয়ন যোগ করবে যা একটি হাডসন ভ্যালি আইকন হিসেবে ব্রিজটির মর্যাদা জোরদার করবে। উপরন্তু, নতুন গোল চক্করটি কিংস্টনের অত্যন্ত গুরুত্বপূর্ণ গেটওয়েগুলির একটিতে জ্যাম কমাবে এবং আসন্ন বহু বছর ধরে হাডসন ভ্যালিতে মানুষ ও পণ্য প্রবাহ বজায় রাখবে।"

কিংস্টন গোল চক্কর প্রকল্প একটি ব্যস্ত মোড়কে একটি আধুনিক গোলচক্করে পরিবর্তিত করেছে যা সকল ভ্রমণকারীর নিরাপত্তা জোরদার করে এবং শহরের মূল গেটওয়েগুলির একটিতে আরো কার্যকর ট্র্যাফিক যান প্রবাহের ব্যবস্থা করেছে। নতুন সাইডওয়াক, সিগন্যাল, এবং অন্যান্য পথচারীর সুবিধার ব্যবস্থাও যোগ করা হয়েছে।

এই প্রকল্পের একটি অংশ হিসেবে, ইস্ট সেইন্ট জেমস, ব্রডওয়ে ও অ্যালবানি অ্যাভিনিউয়ের মধ্যে গোল চক্কর সংলগ্ন একটি পার্কের-মত স্থান তৈরি করা হয়েছে।উত্থিত ক্রসওয়াক, উন্নীত সাইডওয়াক, একটি মিশ্র ব্যবহারের পথ এবং আয়তাকার দ্রুত-ফ্ল্যাশ করা বিকনও ইনস্টল করা হয়েছে পথচারীদের সুবিধা ব্যবস্থা উন্নত করার জন্য। বিকনগুলি গাড়িচালকদের উচ্চ-দর্শনক্ষমতার স্ট্রোবের মত সতর্কতা প্রদান করে যখন পথচারীরা ক্রসওয়াক ব্যবহার করে।

উপরন্তু, অনসাইটে একটি ঝড়ের পানি ব্যবস্থাপনা সিস্টেম তৈরি করা হয়েছে যা প্রবাহ সংগ্রহ ও ফিল্টার করে, যা আশেপাশের পরিবেশ রক্ষার কাজে সাহায্য করে। DOT, সিটি অফ কিংস্টন, কিংস্টন ওয়াটার ডিপার্টমেন্ট এবং সেন্ট্রাল হাডসন গ্যাস অ্যান্ড ইলেকট্রিক কর্পোরেশনের সাথে সমন্বয়ে মাটির নিচের অবকাঠামো, যার মধ্যে রয়েছে সিউয়ার, পানি ও গ্যাস ফ্যাসিলিটিজ, প্রতিস্থাপন ও আধুনিকায়ন করেছে।

2017 সালে ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative, DRI) রাউন্ড 2 এর বিজয়ী, কিংস্টনের স্ট্র্যাটেজিক ইনভেস্টমেন্ট প্ল্যান এর

ডাউনটাউনের জন্য সম্প্রদায়ের স্বপ্নকে অগ্রসরকারী পুনর্বাসন প্রকল্পের দিকনির্দেশনা দিচ্ছে এবং স্টেটের 10 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ব্যবহার ও সম্প্রসারণ করতে পারছে। অর্থায়িত প্রকল্পগুলি ডাউনটাউনের ও আশেপাশের এলাকার সাম্প্রতিক অন্যান্য বিনিয়োগের সাথে যুক্ত হবে এবং পুরো বছরের জন্য উদ্ভাবনী ও সমৃদ্ধশালী অর্থনীতির জন্য একটি টেকসই পরিবেশ তৈরির জন্য কাজ করবে।

**নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট রোজানা রোসাডো বলেন,** "সম্প্রদায়ের পুনর্বাসনের জন্য পরিবহন বিনিয়োগ অতি জরুরি। এই অবকাঠামো প্রকল্পগুলি কিংস্টনের চলমান 10 মিলিয়ন মার্কিন ডলার DRI অর্থ দ্বারা পুনর্বাসনকে উন্নত করবে ও আরো প্রশস্ত করতে সাহায্য করবে। এইসব সিনারজিস্টিক বিনিয়োগ কিংস্টনের প্রাণশক্তি গঠন করছে এবং পুরো নিউ ইয়র্ক স্টেটে ডাউনটাউন পুনর্বিকাশে আরো বিস্তৃত রেনেসাঁর সমর্থন করছে।"

**সিনেটর মিশেল হিঞ্চি বলেন,** "হাডসন ভ্যালিতে তৈরি প্রথম এবং হাডসন রিভার ভ্যালি এলাকার সর্বাধিক প্রাচীন সাসপেনশন ব্রিজ হিসেবে, ওয়ার্টস স্ট্রিট ব্রিজটি আমাদের স্থানীয় ইতিহাসের গুরুত্বপূর্ণ অংশ যা আমাদের কিংস্টন এবং পোর্ট ইওয়েন সম্প্রদায়সমূহের জন্য একটি অতি জরুরি সংযোজক হিসেবে কাজ করেছে। ওয়ার্টস স্ট্রিট ব্রিজ রক্ষায় এবং এই সুন্দর ল্যান্ডমার্ক পুনর্বাসন করে এর প্রাক্তন মহিমায় দিরে নেওয়ার প্রচেষ্টা চাকরি তৈরি করবে এবং পাশাপাশি ব্রিজটিকে সামনের বহু বছর ধরে বানিজ্য, বিনোদন এবং সংস্কৃতির গেটওয়ে হিসাবে এর প্রাপ্য ভুমিকায় ফিরে যাওয়ার সুযোগ দেবে। হাডসন ভ্যালি একটি অসাধারণ জায়গা যার আমাদের স্টেটের কাছ থেকে এই ধরণের অবকাঠামো বিনিয়োগের প্রয়োজন এবং প্রাপ্য। আমরা গভর্নর হোকলের অব্যাহত সমর্থনের জন্য কৃতজ্ঞ এবং বর্তমানে চলমান পুনরুজ্জীবন প্রকল্পগুলি থেকে আসা উন্নয়নের জন্য খুবই উৎসাহী।"

**অ্যাসেম্বলি মেম্বার কেভিন কাহিল বলেন,** "এই ঐতিহাসিক উপলক্ষে, সামনের দিকে তাকিয়ে, ওয়ার্টস স্ট্রিট ব্রিজে নিউ ইয়র্ক স্টেট যে বিনিয়োগ করছে তা এই স্থাপত্যকলার রত্নকে সিটি অফ কিংস্টন এবং টাউন অফ এসোপাসের উন্নতিতে টিকে থাকার সুযোগ দেবে। আমি গভর্নর হোকল এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT) এর কমিশনার ডমিনগুয়েজকে আমার ডিসট্রিক্টের জনগণের জন্য এই প্রকল্প বাস্তবায়নে তাদের আকাগ্রতার জন্য ধন্যবাদ জানাই।"

**আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট রায়ান বলেন,** "আমি গভর্নর হোকল এবং ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনকে আলস্টার কাউন্টির সর্বাধিক অনন্য ও ঐতিহাসিক সম্পদগুলির একটির পুনর্বাসনে বিনিয়োগ করার জন্য ধন্যবাদ জানাতে চাই। ঐতিহাসিক এই কিংস্টন-পোর্ট ইওয়েন সাসপেনশন ব্রিজে নিউ ইয়র্ক স্টেটের উল্লেখযোগ্য বিনিয়োগ আলস্টার সম্প্রদায়ের জন্য একটি গুরুত্বপূর্ণ সংযোজক এবং ছবির মতো সুন্দর একটি স্থান পুনরায় খুলে দিবে।"

**সিটি অফ কিংস্টনের মেয়র স্টিভ নোবল বলেন,** "ওয়ার্টস স্ট্রিট ব্রিজ ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অংশ, সিটি অফ কিংস্টন এবং রোন্ডাউট ক্রিকের উপর একটি আইকনিক প্রিয় ল্যান্ডমার্ক। ব্রিজের সংরক্ষণের জন্য আমরা উন্মুখ, যেহেতু কিংস্টনের বাসিন্দারা হাঁটতে, সাইকেল চালাতে এবং পোর্ট ইওয়েনে আমাদের প্রতিবেশীদের সাথে যুক্ত হতে পছন্দ করে।

আমি অ্যাসেম্বলিম্যান কাহিলকে এই প্রধান ব্রিজ সংস্কার প্রকল্পের অর্থায়ন নিশ্চিত করতে সাহায্য করার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি NYS DOT এবং তাদের কনট্রাক্টরদের গোলচক্করে তাদের দুর্দান্ত কাজের জন্য ধন্যবাদ জানাতে চাই, এটি আমাদের শহরে সুন্দর একটি নতুন গেটওয়ে প্রদান করে এবং এছাড়াও জ্যাম ও গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করে। গভর্নর হোকল সিটি অফ কিংস্টনে অবকাঠামোর কাজ সম্পন্ন করার ক্ষেত্রে নিজের অঙ্গীকার প্রদর্শন করেছেন এবং আমি তাকে ও স্টেটকে আমাদের অত্যাবশ্যকীয় অবকাঠামো পুনঃস্থাপন ও পুনর্বাসনের কাজে আমাদের অব্যাহত প্রচেষ্টা সমর্থন করার জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**টাউন অফ এসোপাসের সুপারভাইজার জ্যারেড গেস বলেন,** "এসোপাসের মানুষ নিশ্চিন্ত হয়েছে যে কিংস্টন পোর্ট ইওয়েন সাসপেনশন ব্রিজের দীর্ঘমেয়াদি অবকাঠামো তহবিল অবশেষে উপলভ্য হয়েছে।ব্রিজটি জরুরি সেবাদানকারীদের জন্য একটি জরুরি অবকাঠামো এবং যারা প্রতিদিন উপার্জন করার জন্য ভ্রমণ করেন তাদের জন্য রোন্ডাউট ক্রিকের উভয় পাশের যাতায়াত সেবা প্রদান করে।এর সাময়িক বন্ধ থাকার ফলে সংযোগ, সুবিধা এবং সম্প্রদায়ের প্রাণবন্ততার ক্ষতি হয়েছে।আমরা অত্যন্ত খুশি যে পুরোনো সাসপেনশন ব্রিজটি, যা আমাদের এলাকার নাগরিক গর্বের একটি উৎস, প্রকৃত মর্যাদায় পুনঃস্থাপিত হবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (New York State Department of Transportation, NYSDOT)- https://www.dot.ny.gov/main/roundabouts ঠিকানায় গোলচক্কর সম্পর্কিত অতিরিক্ত তথ্য এবং ডাউনলোডযোগ্য ব্রোশিওর অনলাইনে পাওয়া যায়। কিভাবে নিরাপদে গোল চক্কর পাড় হতে হয় সে সম্পর্কিত নির্দেশনামূলকএকটি ভিডিও এখানে পাওয়া যাবে।

মোটরচালকদের ওয়ার্ক জোনে ধীর গতিতে এবং দায়িত্বশীলভাবে গাড়ি চালানোর আহ্বান জানানো হয়েছে। ওয়ার্ক জোনে গতিসীমা অতিক্রম করার জরিমানা দ্বিগুণ।কোনো ব্যক্তি যদি ওয়ার্ক জোনে দুই অথবা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে
ভ্রমণ সংক্রান্ত হালনাগাদ তথ্যের জন্য 511 এ ফোন করুন, 511ny.org ওয়েবসাইট দেখুন, অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

টুইটারে নিউ ইয়র্ক স্টেট DOT ফলো করুন এই ঠিকানায় @NYSDOT এবং@NYSDOTHV।ফেসবুকে NYSDOT খুঁজে পাবেন এই ঠিকানায় facebook.com/NYSDOT।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418